ইত্তেফাক

তারিখ ... 15/10/78 ...
পৃষ্ঠা ... কলাম ...

154

# ১৭৪ জনের পরীক্ষার ফল প্রকাশ করা হয় নাই

বগুড়া, ১৩ই অক্টোবর (নিজস্ব সংবাদদাতা)—বগুড়া জেলার গাবতলী থানার জামির বাড়িয়া উচ্চ বিদ্যালয়ের ১৭৪ জন এস, এস, সি পরীক্ষার্থীর পরীক্ষার ফলাফল আজও প্রকাশ না করায় ঐসকল পরীক্ষার্থীর ভবিষ্যৎ অনিশ্চিত হইয়া পড়িয়াছে।

প্রকাশ, রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে গত মার্চ এপ্রিল মাসে অনুষ্ঠিত এস,এস সি পরীক্ষায় উক্ত স্কুল হইতে ১৭৪ জন ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করে। কিন্তু দুই মাস পূর্বে পরীক্ষার ফলাফল প্রকাশ হওয়া সত্ত্বেও উল্লেখিত ১৭৪ জন পরীক্ষার্থীর ফলাফল অদ্যাবধি প্রকাশ করা হয় নাই। উক্ত স্কুলের নিকট বোর্ডের মোট ৭ হাজার ৩১৬ টাকা পাওনা রহিয়াছে বলিয়া জানা যায়। স্কুলের প্রধান শিক্ষক বর্তমানে পলাতক রহিয়াছে বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে। এদিকে গত ২১শে সেপ্টেম্বর বিভিন্ন কলেজে ভর্তির দিন শেষ হইয়া গেলেও ১৭৪ জন ছাত্র ছাত্রীর ফলাফল প্রকাশ না হওয়ায় তাহারা কলেজে ভর্তি হইতে পারিতেছে না।